



**স্কুল অফ প্রফেশনাল স্টাডিজ**  
**নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়**  
(পশ্চিমবঙ্গ আইন (XIX) ১৯৯৭ দ্বারা প্রতিষ্ঠিত, ইউজিসি কর্তৃক স্বীকৃত)  
ন্যাক কর্তৃক গ্রেড "এ" দ্বারা স্বীকৃত

সমাজকর্মের (এমএসডাব্লু) প্রথম বর্ষে ক্ষেত্রকর্মের (ফিল্ড ওয়ার্ক) প্রতিবেদন (রিপোর্ট) লেখার বিন্যাস  
(ফর্ম্যাট)

MSW: Paper-VII (old)/ Paper-VIII (New)

**বিভাগ-ক: সংস্থা/ প্রতিষ্ঠান বিষয়ক সাধারণ তথ্য**

- ✦ ঠিকানাসহ প্রতিষ্ঠানের নাম, সংশ্লিষ্ট ব্যক্তির যোগাযোগের বিবরণ এবং ওয়েবসাইট যদি থাকে
- ✦ সংস্থা প্রতিষ্ঠার বছর
- ✦ নিবন্ধীকরণ, পুরস্কার
- ✦ অধিভুক্তি, স্বীকৃতি, এনজিও দর্পণ আইডি যদি থাকে
- ✦ ঐতিহাসিক পটভূমি
- ✦ মিশন ও ভিশন
- ✦ সংগঠনের উদ্দেশ্য
- ✦ সহযোগী সংস্থা
- ✦ তহবিলের উৎস/ অংশীদারিত্ব
- ✦ গভর্নিং বডি ও ম্যানেজমেন্ট কমিটি
- ✦ স্টাফিং প্যাটার্ন / কর্মী বিন্যাস
- ✦ সুবিধাভোগী / টার্গেট গ্রুপ

**বিভাগ-খ: সংস্থা/ প্রতিষ্ঠান সম্পর্কিত বিস্তারিত তথ্য**

- ❖ **ক্ষেত্রকর্ম এবং ভৌগোলিক অঞ্চল** -বেসরকারী সংস্থা (এনজিও) / সমাজকল্যাণ সংস্থা (এসডাব্লিউও) / সরকারী সংস্থা (জিও) কী ধরনের সমাজকল্যাণমূলক ক্রিয়াকলাপের করে থাকে। প্রতিষ্ঠান কিভাবে এসব কার্যক্রম পরিচালনা করে, প্রকল্প/কর্মসূচীর সাথে কারা সম্পৃক্ত। প্রকল্পের সুবিধাভোগী কারা, সমষ্টির (কমিউনিটি) সদস্য, যাদের জন্য প্রকল্পটি গ্রহণ করা হয়েছে, তারাও প্রকল্পে অংশ নিচ্ছেন কি না।
- ❖ **প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত/ প্রযুক্ত সমাজকর্মের পদ্ধতি বা নীতি বা দক্ষতা**-শিক্ষার্থীকে অবশ্যই পর্যবেক্ষণ করতে হবে যে এনজিও / এসডাব্লিউও / জিও (সংস্থা/ প্রতিষ্ঠান) দ্বারা সমাজকর্মের পদ্ধতিগুলি (প্রাথমিক / গৌণ) কী উপায়ে বা কীভাবে প্রয়োগ করা হয়। তাদের অবশ্যই জানতে হবে যে এনজিও / এসডাব্লিউও / জিও (সংস্থা/ প্রতিষ্ঠান) এর সঙ্গে যুক্ত স্টেকহোল্ডাররা কারা। সুবিধাভোগী / টার্গেট গ্রুপ কারা, এনজিওর উদ্দেশ্য এবং লক্ষ্য কী। সংস্থা / প্রতিষ্ঠান এর যথাযথ তদারকি, নিয়ন্ত্রণ ও মূল্যায়ন করা হয় কিনা। প্রকল্প এবং কর্মসূচীগুলি সমষ্টিসদস্যদের প্রকৃতপক্ষে কতটা উপকৃত করেছে, সম্পদের সঠিক ব্যবহার হচ্ছে কি না তা জানা।
- ❖ **সংস্থা/ প্রতিষ্ঠান সম্পর্কে শিক্ষার্থীর পর্যবেক্ষণ** – সংস্থা / প্রতিষ্ঠানটি সমাজকর্মের নীতি, দর্শন অনুযায়ী কাজ করেছে কিনা তা শিক্ষার্থীকে অবশ্যই বিশ্লেষণ করতে হবে। তথ্য নথিকরণ / লিপিবদ্ধকরণ সঠিকভাবে করা হয়েছে কিনা। এনজিও/ এসডাব্লিউও / জিও দ্বারা কী ধরনের প্রকল্প এবং কর্মসূচী গ্রহণ করা হয় এবং এগুলি সমষ্টিমানুষদের চাহিদা কতটা পূরণ করেছে, সমষ্টিসদস্যদের অংশগ্রহণ কেমন। শিক্ষার্থীকে অবশ্যই প্রতিষ্ঠানের প্রশাসনিক ক্রিয়াকলাপ যেমন পরিকল্পনা, ব্যবস্থাপনা, সম্পাদন, বাজেট, কাজের কৌশল ইত্যাদি দেখতে হবে।

**বিভাগ-গ: সংস্থায় / প্রতিষ্ঠানে শিক্ষার্থীর সম্পৃক্ততা (নিযুক্তি)**

- ❖ শিক্ষার্থীরা সংস্থায় / প্রতিষ্ঠানে কোন প্রকল্পে যুক্ত ছিল কিংবা কাজ করেছে। কিভাবে তারা এই কার্যক্রম পরিচালনা করেছে? কে তাদের নির্দেশিত করেছে? সংস্থা / প্রতিষ্ঠানেগুলি সমাজকর্মের পদ্ধতি প্রয়োগ করেছে কিনা বা কোন উপায়ে তারা সমষ্টিসদস্যদের সমস্যা / চাহিদাগুলি সমাধান / পূরণ করেছে। সমাজকর্মের শিক্ষার্থীকে শিক্ষানবিস হিসাবে কি কি কি বিষয় শিক্ষণ লাভ করেছে, যেমন -তাদের যোগাযোগের দক্ষতা উন্নত হয়েছে কিনা, তারা সমাজকর্মের নীতিগুলি প্রয়োগ করতে সক্ষম কিনা, তারা আসলে সমাজকর্মের নৈতিকতা ইত্যাদি সম্পর্কে শিখেছে কিনা। কর্মক্ষেত্রে যদি কোনো অসুবিধার/সমস্যার সম্মুখীন হয় এবং কীভাবে তারা সেখান থেকে অব্যাহতি পাবে।

শিক্ষার্থীকে অবশ্যই ৩০ দিনের দৈনিক প্রতিবেদন (দৈনন্দিন কাজকর্মের সংক্ষিপ্তসার) এবং শিক্ষার্থীর দ্বারা সম্পাদিত কাজগুলির একটি সংকলিত প্রতিবেদন সংযুক্ত করতে হবে। শিক্ষার্থীকে অবশ্যই তাদের প্রেসমেন্ট/ক্ষেত্রকর্ম সম্পূর্ণ হওয়ার পর এনজিও / এসডাব্লিউও / জিও (সংস্থায় / প্রতিষ্ঠানে) দ্বারা প্রদত্ত প্রেসমেন্ট শংসাপত্র এর (সার্টিফিকেট) একটি অনুলিপি প্রতিবেদনের (রিপোর্ট)সাথে সংযুক্ত করতে হবে।